

তারিখ, ১২ আষাঢ়, ১৪২১ বঙ্গাব্দ/২৬ জুন, ২০১৪ খ্রিষ্টাব্দ।

এস,আর,ও নং ১৬৪-আইন/আয়কর/২০১৪।—Income-tax Ordinance, 1984 (Ord. XXXVI of 1984) এর section 44 এর sub-section (4) এর clause (b) তে প্রদত্ত ক্ষমতাবলে সরকার ১৭ আষাঢ়, ১৪১৬ বঙ্গাব্দ মোতাবেক ১ জুলাই, ২০০৯ খ্রিষ্টাব্দ তারিখের প্রজ্ঞাপন এস,আর,ও নং ১৮৭-আইন/২০০৯ এ নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথা:-

উপরি-উক্ত প্রজ্ঞাপন এর অনুচ্ছেদ ১ এর দফা (১) এর পরিবর্তে নিম্নরূপ দফা (১) প্রতিস্থাপিত হইবে, যথা:-

“(১) প্রদেয় আয়করের হার হইবে নিম্নরূপ, যথা:-

ক্রমিক নং	গাড়ীর ধরণ	প্রদেয় আয়করের হার
(ক)	১৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	টাকা ১৫,০০০.০০
(খ)	২০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	টাকা ৩০,০০০.০০
(গ)	২৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	টাকা ৫০,০০০.০০
(ঘ)	৩০০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	টাকা ৭৫,০০০.০০
(ঙ)	৩৫০০ সিসি পর্যন্ত প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	টাকা ১,০০,০০০.০০
(চ)	৩৫০০ সিসির উপর প্রতিটি মোটরকার বা জীপ এর জন্য	টাকা ১,২৫,০০০.০০
(ছ)	মাইক্রোবাস প্রতিটির জন্য	টাকা ২০,০০০.০০:

তবে শর্ত থাকে যে, একক বা যৌথ মালিকানায় একের অধিক মোটর কার বা জীপ বা মাইক্রোবাস থাকিলে, দ্বিতীয় বা তদুর্ধ্ব গাড়ীর ক্ষেত্রে প্রতিটির জন্য উপরোক্ত হারের অতিরিক্ত ৫০% হারে আয়কর প্রদেয় হইবে;”।

০২। এই প্রজ্ঞাপন ১ জুলাই, ২০১৪ খ্রিষ্টাব্দ তারিখে কার্যকর হইবে।

Bangladesh Tax Update

www.kdroy.com.bd/www.ltr.com.bd

রাষ্ট্রপতির আদেশক্রমে,
(সৈয়দ মোঃ আমিনুল করিম)
অতিরিক্ত সচিব (পদাধিকারবলে)